**AKASHVANI (Kolkata)**

**Regional News Unit**

**Date : 07-02-2026** **Desk in Charge : Kalyan L.**

**Time : 1-30 PM** **Compiling :-Subhankar B. /Ranjana C.**

**DEO: KB** **NRT : Ranjana C.**

**Announcement :-** আকাশবাণী /খবর পড়ছিঃ-

<u>বিশেষ বিশেষ খবরঃ-</u>

১/ ভারত ও মার্কিন যুক্তরাষ্ট্র যৌথ বিবৃতি জারি করে জানিয়েছে দুটি দেশ পারস্পরিক লাভজনক অন্তর্বর্তী বাণিজ্য চুক্তির কাঠামোর ক্ষেত্রে সহমতে পৌঁছেছে।

# প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি এই যৌথ বিবৃতিতে সন্তোষ প্রকাশ করে মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পকে ধন্যবাদ জানিয়েছেন।

২/ বিদেশমন্ত্রী ডঃ এস জয়শঙ্কর বলেছেন, এই অন্তর্বর্তী চুক্তির কাঠামো ভারত-মার্কিন পারস্পরিক লাভজনক বাণিজ্য অংশীদারিত্বকে বাস্তবে রূপ দেবে।

৩/ প্রধানমন্ত্রী, দুদিনের সফরে আজ মালয়েশিয়া রওনা হয়েছেন।

৪/ ছত্তিশগড়ের বাম চরমপন্থা পরিস্থিতি পর্যালচনা করতে কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ, আজ তিনদিনের সফরে রায়পুরে যাচ্ছেন।

৫/ রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু ছত্তিশগড়ের জগদ্দলপুরে 'বস্তার পান্ডুম' এর উদ্বোধন করেছেন।

৬/ দশম T-20 বিশ্বকাপ ক্রিকেটের প্রথম ম্যাচে ভারত আজ মুম্বাই-এ মার্কিন যুক্তরাষ্ট্রের বিরুদ্ধে খলতে নামবে। # কলকাতার ইডেনে ওয়েস্ট ইন্ডিজ খেলবে নবাগত ইতালির বিরুদ্ধে।

*************************************************************************

ভারত ও মার্কিন যুক্তরাষ্ট্র জানিয়েছে, দুটি দেশ বাণিজ্য সম্পর্কিত পারস্পরিক লাভজনক একটি অন্তর্বর্তীকালীন চুক্তির কাঠামোর ক্ষেত্রে সহমতে পৌঁছেছে। শিল্প ও বাণিজ্য মন্ত্রক ভারত-মার্কিন এ সংক্রান্ত যৌথ বিবৃতি ভাগ করে নিয়েছে এই বিবৃতিতে বলা হয়েছে গত বছরের ১৩ই ফেব্রুয়ারি প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এবং মার্কিন রাষ্ট্রপতি ডোনাল্ড ট্রাম্প বৃহত্তর মার্কিন-ভারত দ্বিপাক্ষিক বাণিজ্য চুক্তি —বিটিএ নিয়ে আলোচনা শুরু করেন। এই আলোচনার উপর ভিত্তি করেই এই চুক্তির ফ্রেমওয়ার্ক তৈরি করা হয়েছে। এর আওতায় দেশগুলি তাদের উৎপাদিত পণ্য সামগ্রীর জন্য অতিরিক্ত বাজারের সুযোগ পাবে। এর ফলে সুস্থায়ী এক সরবরাহ শৃঙ্খল গড়ে উঠবে।

উভয় দেশই নিজ নিজ স্বার্থ বজায় রেখে, একে অন্যকে তার বাজারের সুযোগ দেবার ক্ষেত্রে প্রতিশ্রুতিবদ্ধ। ভারত এবং মার্কিন যুক্তরাষ্ট্র একগুচ্ছ নীতিমালা তৈরি করবে। এর ফলে চুক্তির সুবিধাগুলি উভয় দেশই পাবে। দুই দেশ দ্বিপাক্ষিক বাণিজ্যকে প্রভাবিত করে, শুল্ক ছাড়া এমন বাধাগুলি দূর করবে। খাদ্য ও কৃষি পণ্য, চিকিৎসা সরঞ্জাম সংক্রান্ত ব্যবসা বাণিজ্যে দীর্ঘস্থায়ী বাধাগুলি দুর করতে সম্মত হয়েছে দুটি দেশ। অবাধ বাণিজ্য চুক্তি নিয়ে আলোচনার সময় ভারতীয় পণ্যের উপর শুল্ক কমানোর বিষয়টি মার্কিন যুক্তরাষ্ট্র বিবেচনা করবে। যৌথ বিবৃতিতে বলা হয়েছে যে ভারত আগামী ৫ বছরে ৫০০ বিলিয়ন ডলারের মার্কিন জ্বালানি পণ্য, বিমান এবং বিমানের যন্ত্রাংশ, মূল্যবান ধাতু, প্রযুক্তি সহ নানা সামগ্রী কিনতে আগ্রহী।

*************************

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি, ভারত ও মার্কিন যুক্তরাষ্ট্রের মধ্যে অন্তর্বর্তী বাণিজ্য চুক্তির বিষয়, আরো একধাপ এগোনোয় সন্তোষ প্রকাশ করেছেন। এই চুক্তি বাস্তবায়িত হওয়ার পর তিনি মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের প্রতি ধন্যবাদ জ্ঞাপন করেন। সামাজিক মাধ্যমে এক বার্তায় প্রধানমন্ত্রী বলেন, এই চুক্তি ভারত-মার্কিন শক্তিশালী অংশীদারিত্ব এবং পারস্পারিক বিশ্বাসের প্রতিফলন। এর ফলে ভারতের কৃষক, শিল্পোদ্যোগী, ক্ষুদ্র ও মাঝারি শিল্প, স্টার্টআপ, উদ্ভাবক, মৎস্যজীবী সহ অনেকে উপকৃত হবেন।

*************************

ভারত-মার্কিন অন্তর্বর্তী বাণিজ্য চুক্তির জন্য যে ফ্রেমওয়ার্ক তৈরি করা হয়েছে, তা দু'দেশের জন্যই লাভজনক হবে বলে জানিয়েছেন বিদেশমন্ত্রী ড: এস জয়শংকর। সামাজিক মাধ্যমে এক বার্তায় আজ তিনি বলেন, এই চুক্তি ভারতের রফতানিকারীদের জন্য আরও বড় বাজারের সুযোগ করে দেবে। এর ফলে 'মেক ইন ইন্ডিয়া' উদ্যোগ আরও তরান্বিত হবে বলেও তিনি জানান।

*************************

কৃষি ও কৃষক কল্যাণ মন্ত্রী শিবরাজ সিং চৌহান, ভারত-মার্কিন অন্তর্বর্তী বাণিজ্য চুক্তিকে স্বাগত জানিয়ে বলেছেন, ভারতীয় কৃষকদের স্বার্থ এতে সম্পূর্ণভাবে সুরক্ষিত থাকবে। সামাজিক মাধ্যমে এক পোস্টে শ্রী চৌহান বলেন, দুগ্ধজাত পণ্য, শস্য এবং সবজি উৎপাদনকারী কৃষকরা তাঁদের উৎপাদিত পণ্য সুরক্ষিত থাকবে।

তিনি বলেন, ভারতীয় কৃষকদের স্বার্থ রক্ষা, সরকারের কাছে সবচেয়ে গুরুত্বপূর্ণ বিষয়।

*************************

প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিং বলেছেন, যুগান্তকারী ভারত-মার্কিন অন্তর্বর্তী বাণিজ্য চুক্তি ভারতের অর্থনৈতিক যাত্রাপথের এক কৌশলগত মাইলফলক। এক সোশ্যাল মিডিয়া পোস্টে শ্রী সিং বলেন, এই চুক্তির ফলে রপ্তানির সুযোগ উল্লেখযোগ্যভাবে বৃদ্ধি পাবে, শ্রমপ্রধান ক্ষেত্রগুলি শক্তিশালী হবে, উচ্চমানের বিনিয়োগ আসবে এবং ব্যাপক কর্মসংস্থান হবে। প্রতিরক্ষামন্ত্রী উল্লেখ করেন যে, এই চুক্তির মাধ্যমে দেশের কৃষক এবং কৃষিক্ষেত্রকে সুরক্ষিত করা হয়েছে। বিকাশ, কর্মসংস্থান এবং দীর্ঘমেয়াদী অর্থনৈতিক ক্ষমতায়নের লক্ষ্যে ঐতিহাসিক পথ উন্মোচনে অক্লান্ত প্রচেষ্টার জন্য তিনি প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন।

*************************

ভারত-মার্কিন অন্তর্বর্তী বাণিজ্য চুক্তি, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ও মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের নেতৃত্বে দুই দেশের উজ্জ্বল ভবিষ্যতের পথ তৈরিতে সহায়ক হবে বলে মন্তব্য করেছেন পেট্রোলিয়াম ও প্রাকৃতিক গ্যাস মন্ত্রী হরদীপ সিং পুরী। সামাজিক মাধ্যমে এক বার্তায় আজ তিনি বলেন, মেক ইন ইন্ডিয়া উদ্যোগকে তরান্বিত করবে এই চুক্তি।

এর ফলে দেশের কৃষক, মৎসজীবী, নয়া শিল্পোদ্যোগী, ক্ষুদ্র ও মাঝারি শিল্পোদ্যোগী ও স্টার্ট আপ উদ্যোগীরা উপকৃত হবেন বলেও তিনি জানান।
এই চুক্তির ফলে প্রত্যক্ষ ও পরোক্ষ কর্মসংস্থান বৃদ্ধি পাবে বলেও হরদীপ সিং পুরী জানিয়েছেন। দুই দেশের মধ্যে বিনিয়োগ ও প্রযুক্তির আদান-প্রদান বাড়বে বলেও তিনি আশাপ্রকাশ করেন।

************************

ভারত-মার্কিন অন্তর্বর্তী বাণিজ্য চুক্তির প্রশংসা করেছেন বিজেপির সর্বভারতীয় সভাপতি নীতিন নবীন। তিনি বলেছেন, দুই দেশের পারস্পরিক এই অংশিদারিত্ব বাজারের পরিধি আরও বাড়াবে, বৃদ্ধি পাবে বিনিয়োগের পরিমাণ।
এই চুক্তির ফলে কর্মসংস্থান বাড়বে বলেও আশা প্রকাশ করেছেন শ্রী নবীন। তিনি আরও জানান, দেশের ক্ষুদ্র ও মাঝারি শিল্প, শিল্পোদ্যোগী এবং কৃষকরা দুই দেশের এই চুক্তির ফলে উপকৃত হবেন। বাড়বে দেশের নীল অর্থনীতি। বিশ্ব অর্থনীতিতে ভারতের ক্রমবর্ধমান আর্থিক ক্ষমতা এই চুক্তির ফলে আরও দৃঢ় হবে বলে তিনি জানান।

************************

মার্কিন রাষ্ট্রদূত সার্জিও গোর বাণিজ্য ও অর্থনৈতিক সহযোগিতা বিষয়ে ভারত-মার্কিন যৌথ বিবৃতির জন্য রাষ্ট্রপতি ডোনাল্ড ট্রাম্প এবং প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির প্রশংসা করেছেন। সামাজিক মাধ্যম এক্স-এ এক পোস্টে তিনি দুই নেতার নেতৃত্ব ও দূরদৃষ্টির প্রশংসা করে এটি দ্বিপাক্ষিক সম্পর্কের একটি নতুন পর্যায় বলে উল্লেখ করেন।
এদিকে, মার্কিন বাণিজ্য প্রতিনিধি রাষ্ট্রদূত জেমিসন গ্রিয়ার ভারতের সঙ্গে বাণিজ্য চুক্তির রূপরেখা নিয়ে যৌথ বিবৃতির বিষয়ে রাষ্ট্রপতি ট্রাম্পের ঘোষণাকে স্বাগত জানিয়েছেন। তিনি বলেন, এই চুক্তির লক্ষ্য হলো শুল্ক ও অশুল্ক বাধা দূর করা এবং মার্কিন পণ্যের জন্য ভারতের বিশাল বাজার উন্মুক্ত করা।
ঘোষণার পর জারি করা এক বিবৃতিতে রাষ্ট্রদূত গ্রিয়ার উল্লেখ করেন যে, এই চুক্তির ফলে সমস্ত মার্কিন শিল্প পণ্য এবং বেশকিছু কৃষি পণ্যের ওপর শুল্ক কমবে যাতে আমেরিকান শ্রমিক, কৃষক এবং উৎপাদকরা উল্লেখযোগ্যভাবে উপকৃত হবে।

রাষ্ট্রদূত গ্রিয়ার দুই দেশের মধ্যে ন্যায্য ও ভারসাম্যপূর্ণ বাণিজ্য অর্জনের ক্ষেত্রে নেতৃত্ব ও প্রতিশ্রুতির জন্য ভারতের বাণিজ্য ও শিল্পমন্ত্রী পীযূষ গোয়ালের ভূমিকারও প্রশংসা করেন।

************************

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, দুদিনের সফরে আজ মালয়েশিয়া রওনা হয়েছেন। যাত্রা শুরুর আগে এক বিবৃতিতে প্রধানমন্ত্রী বলেছেন, মালয়েশিয়ার প্রধানমন্ত্রী আনোয়ার ইব্রাহিম-এর সঙ্গে তাঁর দ্বিপাক্ষিক আলোচনায়, প্রতিরক্ষা এবং নিরাপত্তা সহযোগিতা এগিয়ে নিয়ে যাওয়া, অর্থনীতিকে শক্তিশালী করা এবং উদ্ভাবন সহ উভয় দেশের স্বার্থ সংশ্লিষ্ট বিভিন্ন বিষয় উঠে আসবে।

সফরকালে প্রধানমন্ত্রী, 'সেলামাত দাতাং মোদীজী'- শীর্ষক একটি সম্মেলনে মালয়েশিয়ায় বসবাসকারী প্রায় ১৫ হাজার ভারতীয়র সঙ্গে মিলিত হবেন। সেদেশের প্রবাসীদের গুরুত্বপূর্ণ ভূমিকার কথা উল্লেখ করে প্রধানমন্ত্রী বলেন, ভারত ও মালয়েশিয়ার মধ্যের বন্ধুত্বপূর্ণ সম্পর্ক এবং শক্তিশালী ভিত তৈরী করতে এরা একটি সেতুর মতো কাজ করেছেন। অনুষ্ঠানে যৌথভাবে নরেন্দ্র মোদী ও মালয়েশিয়ার প্রধানমন্ত্রী ভাষণ দেবেন।

আগামীকাল প্রতিনিধি পর্যায়ের এক বৈঠক অনুষ্ঠিত হবে। পাশাপাশি দু-দেশের মধ্যে সমঝোতা পত্র স্বাক্ষরিত হওয়ার'ও কথা রয়েছে।

************************

কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ ছত্তিশগড়ের তিন দিনের সফরে আজ সন্ধ্যায় রায়পুরে যাবেন। এই সফরে তিনি রাজ্যের অভ্যন্তরীণ নিরাপত্তা পরিস্থিতি এবং বামপন্থী চরমপন্থা কর্যকলাপ পর্যালোচনা করবেন। এছাড়াও রায়পুর ও জগদলপুরে একাধিক কর্মসূচিতে যোগ দেবেন তিনি। আজ সন্ধেয় রায়পুরে শীর্ষ আধিকারিকদের সঙ্গে বৈঠকে রাজ্যের বিভিন্ন প্রশাসনিক ও নিরাপত্তা-সম্পর্কিত বিষয় নিয়ে আলোচনা করা করবেন কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী। শ্রী শাহ আগামীকাল রায়পুরে বাম চরমপন্থা বিরোধী এক জাতীয় সম্মেলনেও যোগ দেবেন। ৯ ফেব্রুয়ারি জগদলপুরে বস্তার পান্ডুম উৎসবের সমাপ্তি অনুষ্ঠানে যোগ দেবেন কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী।

************************

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু আজ ছত্তিশগড়ের বস্তার বিভাগীয় সদর দপ্তর জগদলপুরে বস্তার পান্ডুম উৎসবের উদ্বোধন করেছেন। উদ্বোধনী অনুষ্ঠানে ভাষণ দিতে গিয়ে রাষ্ট্রপতি বলেন যে, বস্তারের মানুষ জীবনকে উৎসবের মতো করে যাপন করে। তিনি আরও বলেন যে, বস্তার পান্ডুম উৎসবে দেশ এবং বিশ্ব বস্তার অঞ্চলের সমৃদ্ধ উপজাতীয় সংস্কৃতির ঝলক প্রত্যক্ষ করে।

( Byte – Prez )

এই অনুষ্ঠানে ছত্তিশগড়ের রাজ্যপাল রামন ডেকা এবং মুখ্যমন্ত্রী বিষ্ণু দেও সাইও উপস্থিত ছিলেন। বস্তার পান্ডুম উৎসবের অধীনে ৯ই ফেব্রুয়ারি পর্যন্ত বিভাগীয় পর্যায়ের প্রতিযোগিতা আয়োজন করা হবে। এই সময়ে, ৮৪টি দলের ৭০০-এরও বেশি শিল্পী বারোটি সাংস্কৃতিক বিভাগে তাদের পরিবেশনা উপস্থাপন করবেন। এর মধ্যে থাকবে উপজাতীয় নৃত্য, হস্তশিল্প, ঐতিহ্যবাহী উপজাতীয় খাবার এবং দেশীয় বাদ্যযন্ত্র।

************************

ইসলামিক স্টেট-আই এস জঙ্গী গোষ্ঠী, গতকাল পাকিস্তানের ইসলামাবাদে একটি মসজিদে বিস্ফোরণের দায় স্বীকার করেছেন।

গতকাল শুক্রবারের নামাজ চলাকালীন এক শিয়া মসজিদে আত্মঘাতী হামলায় কমপক্ষে ৩১ জনের মৃত্যু হয়েছে। আহত হন ১৭০ জন। ইসলামিক স্টেট এই হামলার দায় স্বীকার করে, টেলিগ্রাম চ্যানেলে এক বিবৃতি প্রকাশ করেছে। সন্ত্রাসবাদী গোষ্ঠীটি মুখঢাকা বন্দুকধারী একজনের ছবি প্রকাশ করে জানিয়েছে, আক্রমণকারীর নাম সইফুল্লা আনসারি। তাদের সঙ্গে নীতিগত বিরোধের জন্যই এই হামলা বলে ওই পোস্টে দাবী করা হয়েছে। ২০০৮ সালে ইসলামাবাদের ম্যারিয়ট হোটেলে বোমা বিস্ফোরণের ঘটনা থেকে শুরু করে এই হামলাকে ‘ভয়ঙ্করতম’ বলে চিহ্নিত করা হয়েছে।

************************

দশম টি টোয়েন্টি বিশ্বকাপ ক্রিকেট আজ শুরু হচ্ছে। গতবারের বিজয়ী ভারত প্রথম দিনে গ্রুপ এ-র ম্যাচে মার্কিন যুক্তরাষ্ট্রের বিরুদ্ধে মাঠে নামছে। মুম্বাইয়ের ওয়াংখেড়ে

স্টেডিয়ামে খেলা শুরু হবে সন্ধ্যা সাতটায়। ইডেন গার্ডেন্স-এ ওয়েস্ট ইন্ডিজ, টি টোয়েন্টি বিশ্বকাপে স্কটল্যান্ডের মুখোমুখি হবে। খেলা শুরু বিকেল তিনটেয়। কলম্বোর সিংহলীজ স্পোর্টস স্টেডিয়ামে গ্রুপ সি, র ম্যাচে পাকিস্তান ও নেদারল্যান্ড এর ম্যাচটি শুরু হবে সকাল ১১ টায়।

মুম্বইয়ের ওয়াংখেরে স্টেডিয়ামে আজ সন্ধ্যায় বর্ণাঢ্য অনুষ্ঠানের মধ্য দিয়ে টি ২০ বিশ্বকাপের সূচনা হবে। আইসিসি চেয়ারম্যান জয় শাহ, প্রাক্তন ভারত অধিনায়ক বর্তমান ক্রিকেটার রোহিত শর্মা ও টুর্নামেন্টে অংশগ্রহণকারী ২০ টি দেশের রাষ্ট্রদূত একসঙ্গে আনুষ্ঠানিক ভাবে টুর্নামেন্টের সূচনা করবেন।

************************

ভারতের অনুর্ধ্ব -১৯ পুরুষ ক্রিকেট বিশ্বকাপ জয়ী দলের জন্য নগদ ৭.৫ কোটি টাকার পুরস্কার ঘোষণা করেছে ভারতীয় ক্রিকেট বোর্ড বিসিসিআই।
উল্লেখ্য, হারারেতে পুরুষদের অনুর্ধ্ব-১৯ ক্রিকেট বিশ্বকাপের ফাইনালে গতকাল ইংল্যান্ডকে হারিয়ে বিজয়ী হয়েছে ভারতীয় দল।

*****************************************************************